

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৬৪

আগরতলা, ০৫ মার্চ, ২০১৯

রাজ্য সরকারের তদারকির ফলে জাতীয় সড়ক ও

পি এম জি এস ওয়াই-এ কাজের গতি এসেছে : কেন্দ্রীয়মন্ত্রী

জাতীয় সড়ক ও প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় বিভিন্ন কাজের পর্যালোচনা করতে দু'দিনের সফরে এসেছেন কেন্দ্রীয় পরিসংখ্যান ও প্রকল্প রূপায়ণ মন্ত্রকের প্রতিমন্ত্রী বিজয় গোয়েলা। আজ তিনি রাজ্যে এসেছেন। তিনি আজ সচিবালয়ে জাতীয় সড়ক ও প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের সাথে এক পর্যালোচনা বৈঠক করেন। পরে সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে প্রতিমন্ত্রী বিজয় গোয়েলা বলেন, মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের নেতৃত্বে ত্রিপুরায় নতুন সরকার গঠনের পর যথাযথ তদারকি করার ফলে জাতীয় সড়ক এবং পি এম জি এস ওয়াই এ বিভিন্ন কাজে গতি এসেছে। এজন্য তিনি মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের প্রশংসা করেন। তিনি বলেন, আগে যে কাজগুলি বাস্তবায়িত করতে বেশী সময় লাগত এখন এই কাজগুলি দ্রুততার সাথে সম্পন্ন করা হচ্ছে। তিনি বলেন, পরিসংখ্যান ও প্রকল্প রূপায়ণ মন্ত্রক সারা দেশে ১৫০ কোটিরও বেশি টাকা খরচ করে যে সকল প্রকল্প বাস্তবায়িত করছে তা পর্যালোচনা করে সাফল্যের চিত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবগত করবে। এই সকল প্রকল্প রূপায়ণ করতে গিয়ে যদি কোন ঘাটতি থাকে বা অসুবিধার সম্মুখীন হতে হয় সে ক্ষেত্রেও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে জানানো হবে। প্রতিমন্ত্রী বিজয় গোয়েলা সাংবাদিকদের জানান, ন্যাশনাল হাইওয়ে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড এর অধীনে দুটি প্রকল্প, হিন্দুস্তান স্টিলওয়ার্কস কনস্ট্রাকশন লিমিটেড যা মূলত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার কাজ রূপায়ণ করে এর ১৬১টি কাজের পর্যালোচনা করা হয়। তিনি বলেন, এন এইচ ০৮ জাতীয় সড়কে আগরতলা থেকে উদয়পুর (৪৮.২ কিমি) প্যাভড শোল্ডার দিয়ে দুই লাইনে প্রশস্তকরণের কাজ প্রায় সম্পন্ন করা হয়েছে। এই প্রকল্পে মোট ব্যয় হবে ৩৬৯ কোটি টাকা। এছাড়া ০৮ জাতীয় সড়কে উদয়পুর থেকে সারুম পর্যন্ত (৭৩.৭১২ কিমি) কাজটি সম্পন্ন করা হয়েছে। তিনি জানান ভারত ও বাংলাদেশের মধ্যে যোগাযোগের জন্য ফেনী নদীর উপর যে মৈত্রী সেতু নির্মাণ করা হচ্ছে ইতিমধ্যে তার ৪০ শতাংশ সম্পন্ন করা হয়েছে। এই সেতু নির্মাণে ব্যয় হবে ৯০ কোটি টাকা। পি এম জি এস ওয়াই ফেজ ফাইভ, সিক্স, সেভেন-এ ১৬১টি রাস্তার মধ্যে ১৪১টি রাস্তার কাজ সম্পন্ন করা হয়েছে এবং বাকী কাজগুলিও সম্পন্ন করা হচ্ছে। জমি অধিগ্রহণ সংক্রান্ত ক্ষেত্রে সমস্যার কারণে যে যে রাস্তার কাজগুলি রূপায়ণে বিলম্ব হচ্ছে, জমির মালিকদের সাথে আলোচনাক্রমে তা দ্রুত সুরাহা করে কাজগুলি সম্পন্ন করার জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে বলে তিনি জানান। প্রতিমন্ত্রী শ্রীগোয়েলা ত্রিপুরার পরিকাঠামোগত কাজের অগ্রগতির জন্য সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশ সঠিক দিশায় চলছে। দেশের প্রত্যেকটি রাজ্যের উন্নয়নসংক্রান্ত বিষয় মনিটরিং করার জন্য কেন্দ্রীয় বিভিন্ন মন্ত্রকের মন্ত্রীদের দায়িত্ব দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী উত্তর-পূর্বাঞ্চলের সার্বিক উন্নয়নের জন্য আলাদাভাবে নজর দিয়েছেন। তার সময়েই দেশের উন্নয়নমূলক কাজ সবচেয়ে বেশী হয়েছে বলে অভিমত ব্যক্ত করেন প্রতিমন্ত্রী শ্রীগোয়েলা। তিনি আশা প্রকাশ করেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দেখানো পথে আগামীদিনেও দেশে উন্নয়নমূলক কাজের ধারা অব্যাহত থাকবে। দেশের সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে বলতে গিয়ে তিনি আতঙ্কবাদের বিরুদ্ধে প্রধানমন্ত্রী যে পদক্ষেপ গ্রহণ করেছেন তার প্রশংসা করেন। এদিনের সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় সরকারের পরিসংখ্যান মন্ত্রকের অধিকর্তা রবি গুপ্তা, এন এইচ আই ডি সি এল- এর জেনারেল ম্যানাজার দিনবাঘ সিং ও এইচ এস সি এল- এর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক কে পি এম স্বামী উপস্থিত ছিলেন।
